



স্মারক নং-৪২.০১.০০০০.৬৭৬.০৪.০২৯.০৩-৫৩২

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ
১৫ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

সার্কুলার

গত ২৪/০৮/২০২০ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের অনুকূলে অধিগ্রহণকৃত ভূমি হতে অবৈধ দখলদারদের উচ্ছেদের লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ে মিস কেইস/উচ্ছেদ মামলা দায়ের করার জন্য পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয় কর্তৃক সদয় সিদ্ধান্ত প্রদান করা হয়েছে। এ বিষয়টি উপরিউক্ত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর ১০নং ক্রমিকের 'ক'নং সিদ্ধান্তে বর্ণিত হয়েছে। উক্ত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত বিষয়সমূহ যথাযথভাবে প্রতিপালনের লক্ষ্যে মাঠ পর্যায়ের নির্বাহী প্রকৌশলীগণের প্রতি অনুরোধ জ্ঞাপন করা হলো:

- ক) অবৈধভাবে দখলকৃত ভূমির তফসিল, দাগসূচি, অবৈধ দখলদারদের তালিকা এবং নির্মিত স্থাপনার ধরন উল্লেখপূর্বক সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবরে আবেদন।
 - খ) সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ে উচ্ছেদ মামলা হিসেবে অন্তর্ভুক্তিকরণ।
 - গ) বাংলাদেশ সরকার এবং স্থানীয় কর্তৃপক্ষের ভূমি ও ইমারত (দখল পুনরুদ্ধার) আইন, ১৯৭০ এর ৫ ধারার (১) ও (২) উপধারা অনুযায়ী সংশ্লিষ্ট জেলার রেভিনিউ ডেপুটি কালেক্টরের স্বাক্ষরে অবৈধ দখলদারকে ৭(সাত) দিনের মধ্যে স্থাপনা সরিয়ে নেওয়ার জন্য পৃথক নোটিশ জারীর ব্যবস্থা গ্রহণ।
 - ঘ) জেলা প্রশাসনের সাথে আলোচনাক্রমে উচ্ছেদ কার্যক্রমের তারিখ নির্ধারণ।
 - ঙ) উচ্ছেদ কার্যক্রমে অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগের ব্যবস্থা গ্রহণ।
 - চ) উচ্ছেদ কার্যক্রমে পুলিশ মোতায়েনের জন্য জেলা প্রশাসকের কার্যালয় থেকে সংশ্লিষ্ট পুলিশ সুপারের নিকট চাহিদা প্রেরণের ব্যবস্থা গ্রহণ।
 - ছ) উচ্ছেদ প্রক্রিয়ার বিরুদ্ধে কোন দেওয়ানী অথবা রিট মামলা দায়ের হওয়া মাত্রই আইন বিভাগ, বাপাউবো, ঢাকা- কে অবহিতকরণ।
 - জ) উচ্ছেদ সম্পর্কে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ে দায়েরকৃত মিস কেইস/উচ্ছেদ মামলার তথ্যাদি পানি সম্পদ মন্ত্রণালয় এবং আইন বিভাগ, বাপাউবো, ঢাকা- কে অবহিতকরণ।
 - ঝ) পরিশেষে নির্ধারিত দিনে উচ্ছেদ কার্যক্রম সম্পন্ন করে ভূমির সীমানা চিহ্নিতপূর্বক কাঁটাতারের বেড়া/সীমানা প্রাচীর স্থাপন এবং উক্ত ভূমির তফসিলসহ বোর্ডের মালিকানা সংক্রান্ত সাইনবোর্ড উত্তোলন।
- ২। এ সার্কুলার জারির বিষয়ে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

(মো: ছাইফুল ইসলাম)
উপপরিচালক (আইন বিষয়ক)
বাপাউবো, ঢাকা।

অনুলিপি:

- ১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

আইন বিভাগ, বোর্ড সচিবালয়

ওয়াপদা ভবন (রুম নং- ৬০৪), মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ফোন: ৪৭১১২৫৭৮, ইমেইল: dd.legal.bwdb@gmail.com



-২-

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান প্রকৌশলী (সকল), , বাপাউবো, ।
- ২। প্রকল্প পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল),..... , বাপাউবো, ।
- ৩। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং- এর দপ্তর, বাপাউবো, ঢাকা। সার্কুলারটি বাপাউবো- এর ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ৫। নির্বাহী প্রকৌশলী (সকল), , বাপাউবো, ।
পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয় প্রদত্ত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে জারিকৃত উপরিউক্ত নির্দেশনাসমূহ প্রতিপালনপূর্বক যথাসময়ে আইন বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
- ৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা)/
সচিব, বাপাউবো, ঢাকা।